



## প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ শারদীয় দুর্গাপূজা



ছবি: সংগৃহীত

আনন্দ-উৎসবের পর বিদায়ের আবহে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হয়েছে হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। বুধবার (২১ অক্টোবর) সন্ধ্যা থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে প্রতিমা বিসর্জন দেওয়া হয়।

পূজার রীতি অনুযায়ী, সকালে দর্পণ বিসর্জনের মাধ্যমে দেবী দুর্গাকে বিদায় জানানো হয়। পরে সন্ধ্যায় শুরু হয় প্রতিমা বিসর্জন। সনাতন ধর্মাবলম্বীদের বিশ্বাস, বিসর্জনের মধ্য দিয়ে দেবী দুর্গা কৈলাসে ফিরে যান। বিজয়া দশমী অশুভ শক্তি পরিহার করে শান্তি, সম্প্রীতি ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠার বার্তাও বহন করে।

গত ১৬ অক্টোবর ষষ্ঠী তিথিতে চণ্ডীপাঠ, বোধন ও অধিবাসের মধ্য দিয়ে শুরু হয়েছিল পাঁচ দিনব্যাপী দুর্গোৎসব। রাজধানীসহ সারা দেশের পূজামণ্ডপে পূজা-অর্চনা ও নানা ধর্মীয় আয়োজনের পর দশমীতে শেষ হয় উৎসবের আনুষ্ঠানিকতা।

ঢাকায় বুড়িগঙ্গা ও তুরাগ নদীতে প্রতিমা বিসর্জন দেন ভক্তরা। এ সময় নিরাপত্তা নিশ্চিত সড়কে পুলিশ, নদীতে নৌপুলিশ এবং জরুরি পরিস্থিতি মোকাবিলায় ফায়ার সার্ভিসের সদস্যরা দায়িত্ব পালন করেন।

তবে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরের প্রতিমা বিসর্জন দেওয়া হয়নি। সেখানে দেবীর ফুল, বেলপাতা ও ঘট বিসর্জন দেওয়া হয়।

প্রথা অনুযায়ী, বিসর্জনের পর নদী থেকে সংগ্রহ করা জল শান্তিজল হিসেবে মঙ্গলঘটে রাখা হয়। আগামী বছরের পূজায় এই জল ব্যবহার করা হবে। অন্যদিকে, রামকৃষ্ণ মিশনে সন্ধ্যার আরতির পর মিশনের পুকুরে প্রতিমা বিসর্জন দেওয়া হয়। পরে ভক্তরা শান্তিজল গ্রহণ ও মিস্তিমুখের মধ্য দিয়ে উৎসবের সমাপ্তি উদ্‌যাপন করেন। প্রচলিত বিশ্বাস অনুযায়ী, আগামী শরতে আবারও ফিরে আসবেন দেবী দুর্গা।